ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৯৯০

তেলিয়ামুড়া, ০২ জুন, ২০২৫

**বিকশিত কৃষি সংকল্প অভিযানে তেলিয়ামুড়ায়
আলোচনা সভা ও মতবিনিময় অনুষ্ঠান**

কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের উদ্যোগে বিকশিত কৃষি সংকল্প অভিযান সারা দেশের সাথে ত্রিপুরা রাজ্যেও শুরু হয়েছে গত ২৯মে। চলবে ১২ জুন পর্যন্ত। এই অভিযানের মূল লক্ষ্য হলো আগামী খারিফ মরশুমে স্বল্প খরচে বৈজ্ঞানিক পদ্ধতিতে কৃষিজ ফসলের উৎপাদন বৃদ্ধি করা। এই অভিযানের মাধ্যমে কৃষি বিজ্ঞানীগণ সরাসরি চাষাবাদ বিষয়ে কৃষকদের উৎসাহিত করতে আলোচনায় অংশগ্রহণ করবেন। সম্প্রতি তেলিয়ামুড়া কৃষি মহকুমায় বিকশিত কৃষি সংকল্প অভিযানের তিনটি কৃষি রথ তেলিয়ামুড়া ব্লকের ব্রহ্মছড়া পঞ্চায়েত, গামাইবাড়ি, রাংখল পাড়া, খামার বাড়ি, নর্থ পুলিনপুর, পশ্চিম হাওয়াই বাড়ি, সর্দুকরকরিপাড়া, নর্থ কৃষ্ণপুর, মধ্যকৃষ্ণপুর, রূপাছড়া পঞ্চায়েত এলাকা পরিক্রমা করে। এই পরিক্রমনের সময় সংশ্লিষ্ট এলাকার কৃষকদের নিয়ে অনুষ্ঠিত হয় আলোচনা সভা ও মতবিনিময় অনুষ্ঠান। এই অনুষ্ঠানে ত্রিস্তরীয় পঞ্চায়েতের জনপ্রতিনিধিগণ, কৃষকগণ, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের আধিকারিকগণ ও কৃষি বিজ্ঞানীগণ অংশ নেন।

*****